

বাংলাদেশ-ভারত ফ্লাইট শুরু: কলকাতার ব্যবসায়ীরা স্বস্তিতে

- A Monitor Desk Report

Date: 07 September, 2021



দুর্গাপূজোর আগে ভারত ও বাংলাদেশের মধ্যে ফ্লাইট পুনরায় চালু হওয়ার পর কলকাতার ব্যবসায়ীরা স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন। এয়ার কানেক্টিভিটি পুনরায় চালু করার পর প্রথম ফ্লাইট রবিবার কলকাতায় অবতরণ করে। কলকাতার নিউ মার্কেট, ফ্রি স্কুল স্ট্রিট, মার্কুইস স্ট্রিট, লিন্ডসে স্ট্রিট এবং পার্ক স্ট্রিটের ব্যবসায়ীরা এতে আনন্দিত কারণ তারা বাংলাদেশি ফ্রেতাদের উপর অনেক বেশি নির্ভর করে। দেশে করোনার দ্বিতীয় ঢেউ শুরুর পর চলতি বছরের ১৪ এপ্রিল থেকে দুই দেশের মধ্যে বিমান চলাচল স্থগিত করা হয়েছিল। কলকাতার মার্কুইস স্ট্রিটের একটি গার্মেন্টস দোকানের মালিক সুনীল মাহাতো বলেন, তার ব্যবসা পুরোপুরি বাংলাদেশের ফ্রেতাদের একটি অংশের উপর নির্ভর করে যারা ঈদ এবং পূজার আগে উৎসবের মৌসুমে তাদের কেনাকাটার প্রয়োজনে এখানে আসে। তিনি আরও বলেন, ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে গত কয়েক মাসে ব্যবসার দিক থেকে এ বছরটি খুয়ে ফেলা হয়েছে। নিউমার্কেট এলাকার আরেক দোকানের মালিক বলেন, প্রতিবেশী বাংলাদেশীরাই তাদের বিক্রির প্রায় ৫০ শতাংশ ক্রয় করে থাকে। বোম্বে সিঙ্ক স্টোরের মালিক বিনয় মঞ্জালানি বলেন, অনেক বাংলাদেশি গ্রাহক তাদের রোগীদের নিয়ে মেডিকেল ভিসায় এখানে আসেন। এরাই তার গ্রাহক ভিত্তির একটি উল্লেখযোগ্য অংশ। নিউ মার্কেটে বিক্রির ৫০ শতাংশ এবং হোটেল, গেস্ট হাউস, সাদার স্ট্রিট, মার্কুইস স্ট্রিট, ফ্রি স্কুল স্ট্রিট, রয়ড স্ট্রিট, এবং রাফি আহমেদ কিদওয়াই রোডে বৈদেশিক মুদ্রা বিনিময়ের দোকানে প্রায় ৭০ শতাংশ ব্যবসায় অবদান রয়েছে বাংলাদেশীদের।